# বর্ডার গার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট

## ছাত্র-ছাত্রীদের আচরণবিধি ও বিশেষ নির্দেশনাবলি

### সাধারণ ডিসিপ্লিন

- সকল শিক্ষার্থী নিজ নিজ ধর্মীয় বিশ্বাস অনুযায়ী মহান সৃষ্টিকর্তার নামে সকল কাজ আরম্ভ করবে।
- মাতা-পিতা, শিক্ষক-শিক্ষিকা ও বড়দের শ্রদ্ধা করবে, আদাব-সালাম দিবে এবং ছোটদের স্নেহ করবে।
- সৎ চিন্তা করবে, সৎ পথে চলবে, সত্য কথা বলবে, অন্যায়কে ঘৃণা করবে ও যৌক্তিক আইনগত উপায়ে প্রতিহত করার চেষ্টা করবে।
- অধ্যবসায়ী ও পরিশ্রমী হবে। নিজ নিজ ধর্মীয় অনুশাসন মেনে চলবে।
- প্রাতিষ্ঠানিক ড্রেস কোড মেনে প্রতিষ্ঠানে নিয়মিত আসবে। ড্রেস কোড না মানলে ঐ দিন অনুপস্থিত হিসাবে গণ্য হবে। ( ড্রেসকোড সংযুক্ত)
- জাতীয় সংগীত, শপথ বাক্য ও সুরা ফাতিহা (মুসলিম শিক্ষার্থীরা) বাংলা অর্থসহ শুদ্ধ উচ্চারণে মুখস্থ করবে।
- খেলাধূলা এবং প্রতিষ্ঠানের যেকোনো অনুষ্ঠানে শান্তি-শৃঙ্খলা ও একতা বজায় রেখে অনুষ্ঠানকে সুন্দর ও সফল করতে আন্তরিকভাবে চেষ্টা করবে।
- সকল শিক্ষার্থীর চুল ছোট এবং নখ কেটে অবশ্যই নিয়মানুযায়ী মার্জিত হয়ে থাকতে হবে।
- প্রতিষ্ঠানে মোবাইল বা কোনো ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণরূপে নিষিদ্ধ এবং প্রতিষ্ঠানের ভাবমূর্তি ক্ষুণ্ন হয় এরূপ কোনো পোস্ট সামাজিক যোগাযোগ মাধ্যমে দেয়া যাবে না।
- কোনো শিক্ষার্থীকে হুমকি, বুলিং, হয়রানী বা মারামারি  করা শাস্তিযোগ্য অপরাধ হিসাবে গণ্য হবে।
- ধূমপান, মাদক সেবন ও যাবতীয় বেআইনি কর্মকাণ্ড প্রতিষ্ঠানে সম্পূর্ণরূপে নিষিদ্ধ।

মোঃ রশিদ আহমদ
অধ্যক্ষ
বর্ডার গার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট

# বর্ডার গার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট

## ছাত্র-ছাত্রীদের আচরণবিধি ও বিশেষ নির্দেশনাবলি

### শ্রেণিকক্ষে ডিসিপ্লিন

- শ্রেণির ঘণ্টা বাজার পর ২/৩ মিনিটের মধ্যে যদি শিক্ষক/ শিক্ষিকা শ্রেণি কক্ষে না আসেন তবে ক্লাস ক্যাপ্টেন উইং কো-অর্ডিনেটরকে জানাবেন। উইং কো-অর্ডিনেটর তা শ্রেণি কার্যক্রম শেষে অধ্যক্ষ মহোদয়কে অবগত করবেন।
- স্কুল চলাকালীন টিফিন পিরিয়ড ব্যতিত কোনো শিক্ষার্থী অনুমতি ব্যতিত শ্রেণিকক্ষের বাইরে যেতে পারবে না। যদি বের হয় তবে শ্রেণি শিক্ষকের তত্ত্বাবধানে ডিসিপ্লিন ডায়েরিতে তার নাম, রোল ও লিখিত কারণ উল্লেখপূর্বক বিষয় শিক্ষক স্বাক্ষর গ্রহণ করবেন। শৃঙ্খলা-ভঙ্গকারী শিক্ষার্থী শনাক্ত করে উইং কো-অর্ডিনেটরের মাধ্যমে অধ্যক্ষ মহোদয়ের অনুমতি সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করা হবে।
- শ্রেণিকক্ষের মধ্যে রাখা ময়লা ফেলার ঝুড়িতে ময়লা ফেলবে ও কক্ষের পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখবে।
- টিফিন পিরিয়ডের পর ওয়ার্নিং বেল বাজার সাথে সাথে শ্রেণি কক্ষে প্রবেশ করবে।
- প্রতিষ্ঠানের সম্পদ কেউ নষ্ট করবে না, কেউ নষ্ট করতে দেখলে বাধা দিবে। যে শ্রেণিতে সম্পদ নষ্ট হবে (সম্পদ নষ্টকারী শনাক্ত না হলে) সে শ্রেণির সকল শিক্ষার্থী হতে ন্যুনতম ২০ টাকা এবং সর্বোচ্চ ১০০ টাকা জরিমানা আদায় করা হবে।
- প্রতিদিনের পড়া শিখে ও বাড়ির কাজ করে ক্লাসে আসবে।
- মনোযোগ দিয়ে ক্লাস করবে এবং কোনো টপিকস বুঝতে অসুবিধা হলে তা ক্লাসে উপস্থাপন করবে, প্রয়োজনে প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয় শিক্ষকের সাহায্য নিবে।
- প্রতি পিরিয়ডে যা পাঠদান করা হবে তা ডায়েরিতে লিপিবদ্ধ করতে হবে। শ্রেণি শিক্ষকের তত্ত্বাবধানেও একটি ডায়েরি থাকবে। শ্রেণি কার্যক্রম শেষে শ্রেণি শিক্ষক ডায়েরির দৈনিক ছবি সংশ্লিষ্ট শ্রেণির ওয়াটস এপ গ্রুপে নিয়মিত আপলোড করবেন।
- পরীক্ষার হলে নকল করার চেষ্টা করবে না। পরীক্ষার হলে বই- খাতা, ব্যাগ বা কোনো কাগজ সঙ্গে আনবে না। নকল করলে তাকে তৎক্ষণাৎ বহিষ্কার করা হবে।
- শ্রেণিকক্ষের বেঞ্চ, ডেস্ক, দেয়াল বা প্রতিষ্ঠানের টয়লেটের দেয়ালে কোনো কিছু লিখা শাস্তিযোগ্য অপরাধ হিসাবে গণ্য হবে।
- শ্রেনিকক্ষে সহপাঠীর সাথে সুন্দর আচরন করতে হবে।
- সহপাঠীর অনুমুতি ব্যতিত তার বই, ব্যাগ, খাতা, পেন্সিল, কলম, ডায়েরিতে স্পর্শ করা বা হাত দেয়া যাবে না।
- এক শাখার শিক্ষার্থী অন্য শাখার ক্লাসে যেতে পারবে না।

মোঃ রশিদ আহমদ
অধ্যক্ষ
বর্ডার গার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট

# বর্ডার গার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট

## ছাত্র-ছাত্রীদের আচরণবিধি ও বিশেষ নির্দেশনাবলি

## মাঠ, ক্যান্টিন ও গেইটে ডিসিপ্লিন

- ক্লাস শুরুর পূর্বে প্রতিষ্ঠান প্রাঙ্গণে কোথাও কোনো শিক্ষার্থী খেলাধুলা করতে পারবে না এবং খেলার সরঞ্জাম নিয়ে প্রতিষ্ঠানে প্রবেশ করতে পারবে না।
- প্রতিষ্ঠান ছুটি হওয়ার পর শিক্ষকের অনুমতি ব্যতিত মাঠে কোনো খেলাধুলা বা অবস্থান করা যাবে না। উল্লেখ্য যিনি খেলার অনুমতি দিবেন (উইং কো-অর্ডিনেটরের অনুমতি সাপেক্ষে) খেলা চলাকালীন তিনি মাঠে অবস্থান করবেন।
- ক্লাস শুরুর ১৫ মিনিট পূর্বে যথারিতি সমাবেশে যোগদান করবে এবং সেখান থেকে সারিবদ্ধভাবে শ্রেণি কক্ষে প্রবেশ করবে।
- ক্লাস ক্যাপ্টেন তার নিজ নিজ ক্লাসের সবাইকে নিয়ে সময়মত প্রাত্যহিক সমাবেশে নিয়ে আসবে এবং বিদ্যুতের অপচয় রোধে শ্রেণি কক্ষের লাইট, ফ্যান, প্রজেক্টরের সুইচ ক্লাস ক্যাপ্টেন বন্ধ করবে।
- ক্যাম্পাসের মধ্যে গতিসীমার বাইরে সাইকেল চালানো, স্ট্যান্ট বা কসরত করা সম্পূর্ণ নিষিদ্ধ।
- প্রতিষ্ঠান ছুটির পর সিঁড়ি দিয়ে ওঠা নামার সময় চিৎকার, হৈ চৈ বা স্লোগান দেয়া যাবে না। সকল শিক্ষার্থী সুশৃঙ্খলভাবে প্রতিষ্ঠান ত্যাগ করবে।

## অন্যান্য ডিসিপ্লিন ও জরিমানা

- বহিরাগত বন্ধু বান্ধব নিয়ে কোন ছাত্র/ছাত্রী প্রতিষ্ঠানে প্রবেশ করতে পারবে না।
- কোনো শিক্ষার্থী প্রতিষ্ঠান হতে বিনা অনুমতিতে বের হলে বা পলায়ন করলে প্রতিদিনের জন্য ১০০ টাকা জরিমানা ধার্য হবে এবং তা মাসিক বেতনের সাথে আদায় করা হবে। এই জরিমানা কোনো আবেদনের মাধ্যমেই মওকুফ করা হবে না।
- শিক্ষার্থীদের যেকোনো আবেদন একক বা যৌথ, তা সংশ্লিষ্ট শ্রেণি শিক্ষক ও কো অর্ডিনেটরের সুপারিশপ্রাপ্ত হয়ে অধ্যক্ষ মহোদয়ের নিকট উপস্থাপিত হতে হবে।
- কোনো শিক্ষার্থী কোনো ক্লাসে ফেল করে আবার সেই ক্লাসে ভর্তি হতে হলে পরবর্তী জানুয়ারি মাসের বেতন ও অন্যান্য পাওনা পরিশোধ করতে হবে। তবে পুনঃ ভর্তি অবশ্যই তার সন্তোষজনক আচরণের উপর নির্ভর করে।
- কোনো শিক্ষার্থী একই ক্লাসে দুইবার ফেল করলে সরকারি আইন অনুযায়ী সে প্রতিষ্ঠানে অধ্যয়নের আর কোনো সুযোগ পাবে না।
- প্রতিষ্ঠানে কোনো শিক্ষার্থী শৃঙ্খলা পরিপন্থি কোন কাজ করলে বা প্রতিষ্ঠানের বিধি বিধান ভঙ্গ করলে তার বিরুদ্ধে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- প্রত্যেক পরীক্ষার পূর্বে ক্লাস টেস্ট পরীক্ষা দিতে হবে। এই ক্লাস টেস্টের নম্বর মূল পরীক্ষায় যোগ হবে এবং ক্লাস টেস্টে ৪০% এর কম নম্বর পেলে তা মূল পরীক্ষায় অকৃতকার্য হিসাবে গণ্য হবে।
- প্রতি পরীক্ষার আগে মোট ৮০% উপস্থিত থাকা বাধ্যতামূলক। বিনা অনুমুতিতে শ্রেণি কার্যক্রমে অনুপস্থিত থাকলে দৈনিক ৫০/- জরিমানা ধার্য্য হবে যা মাসিক বেতনের সাথে আদায় করা হবে।
- ডায়েরি হারিয়ে গেলে প্রাপ্যতা সাপেক্ষে ১০০/- জরিমানা প্রদান পূর্বক ডায়েরী স্টোর হতে সংগ্রহ করতে পারবে।
- শোল্ডার ব্যাজ হারিয়ে গেলে প্রাপ্যতা সাপেক্ষে ৪০/- জরিমানা প্রদান পূর্বক স্টোর হতে সংগ্রহ করতে পারবে।

মোঃ রশিদ আহমদ
অধ্যক্ষ
বর্ডার গার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট